

جمعية الدعوة والإرشاد وتنمية الحاليات بالزلفي

مشروع تَعْلِمُ الإسلام – من أحكام اليوم الآخر

প্রথম দার্স

الدرس الأول

শেষ দিবসের কিছু বিধি:

من أحكام اليوم الآخر

শেষ দিবসের প্রতি বিশ্বাস স্থাপন ঈমানের ছয়টি মূল ভিত্তি ও রুক্নসমূহের মধ্যে অন্যতম ভিত্তি ও রুক্ন। কোন মানুষ ততক্ষণ পর্যন্ত মু'মিন হতে পারে না, যতক্ষণ সে এদিবস সম্পর্কে কুরআনের যা এসেছে এবং বিশুদ্ধ হাদীসে যা জানানো হয়েছে, তার উপর ঈমান না আনবে। মানুষের আত্মার সংশোধন, তার আল্লাহত্বীতি ও আল্লাহর দ্বানে অবিচল-অনড় থাকার ক্ষেত্রে শেষ দিবস সম্পর্কে জ্ঞান ও তার অধিকাধিক স্মরণের বিরাট প্রভাব রয়েছে। উক্ত দিনের ভয়াবহতা, আতঙ্ক ও ভীষণ পরিস্থিতির স্মরণ করা থেকে বিমুখ হওয়াই মানুষের অন্তরকে করে পায়াণ, উদ্বৃদ্ধ করে তাকে পাপ করতে। সেদিনের ভয়াবহতা সম্পর্কে মহান আল্লাহ বলেন, “অতএব, তোমরা কিরণে আত্মরক্ষা করবে যদি তোমরা সেদিনকে অস্ফীকার করো, যেদিন বালকদেরকে করে দিবে বৃদ্ধ? (সূরা মুয়াম্রিল ১৭) তিনি আরো বলেন, “হে মানব জাতি, তোমাদের প্রতিপালককে ভয় করো, নিঃসন্দেহে কিয়ামতের কম্পন বড় ভয়াবহ জিনিস। যেদিন তোমরা তাকে দেখবে সেদিন অবস্থা এই হবে যে, প্রত্যেক স্তন্য দানকারিগী নিজের দুঃখপোষ্য সন্তান থেকে গাফেল হয়ে যাবে। গর্ভবতী নারীর গর্ভ খসে পড়বে এবং লোকদেরকে তোমরা উদ্ভাস্ত দেখতে পাবে। অথচ তারা নেশাগ্রস্ত হবে না, বরং আল্লাহর আয়াবই এত দূর সাংঘাতিক হবে।” (সূরা হাজ্জঃ ১~২)

মৃত্যঃ এই পৃথিবীর প্রত্যেক জীবের শেষ পরিণতি হচ্ছে মৃত্যু। মহান আল্লাহ ইরশাদ করেন, “প্রত্যেক প্রাণীকে মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে” (সূরা আলে-ঈমানঃ ১৮৫) তিনি আরো বলেন, “এ পৃথিবীতে সবই ধূঃসন্ধী।” (সূরা আররাহমানঃ ২৬) তিনি তাঁর নবীকে উদ্দেশ্য করে বলেন, “আপনিও মৃত্যু বরণ করবেন আর তারাও মরবে।” (সূরা যুমারঃ ৩০) এ বিশ্ব চরাচরে কোন মানুষের জন্য চিরস্থায়ীত্ব নেই। আল্লাহ তা’য়ালা বলেন, “চিরস্থনতা তো তোমার পূর্বের কোন মানুষের জন্য সাব্যস্ত করে দেই নি”। (সূরা আবিয়াঃ ৩৪) মৃত্যু সম্পর্কীয় কিছু বিষয়

১। মৃত্যু একটি নিশ্চিত বস্তু তাতে কোন সন্দেহ নেই। অথচ অধিকাংশ লোকই তাথেকে গাফেল। একজন মুসলিমের করণীয় হলো, মৃত্যুর কথা বেশী বেশী স্মারণ করা এবং তার জন্য সদা-সর্বদা প্রস্তুত থাকা। অনুরূপভাবে দুনিয়া থাকতে সময় ফুরিয়ে যাবার পূর্বে আখেরাতের পাথেয় সঞ্চয় করা। আল্লাহর রাসূলুল্লাহ-ﷺ-বলেছেন,

((إغتنمْ حُسْنًا قَبْلَ حُسْنٍ، حَيَاكَ قَبْلَ مَوْتَكَ، وَصِحَّتَكَ قَبْلَ سَقْمِكَ، وَفِرَاغَكَ قَبْلَ شُغْلِكَ، وَشَبَابَكَ قَبْلَ هَرَمِكَ، وَغِنَاءَكَ قَبْلَ فَقْرَكَ)) مسنـد الإمامـ أـحمد

“পাঁচটি জিনিসকে পাঁচটি জিনিসের পূর্বে মূল্যবান মনে করো, তোমার জীবনকে মৃত্যুর পূর্বে, তোমার সুস্থিতাকে অসুস্থিতার পূর্বে, তোমার অবসরকে ব্যস্ততার পূর্বে, তোমার যৌবনকে বার্ধক্যের পূর্বে এবং তোমার স্বচ্ছতা-প্রাচুর্যকে দরিদ্রতার পূর্বে।” (মুসনাদ আহমদ)) জেনে রাখুন, মৃত্যুক্ষণ পার্থিব কোন সম্পদ কবরে বয়ে নিয়ে যাবে না। থাকবে তাঁর সঙ্গে শুধুমাত্র তার আমল। সুতরাং ভাল কাজের পাঠেয় সংগ্রহ করতে আগ্রহী হোন, যা আপনাকে দেবে চিরস্থায়ী আনন্দ এবং আল্লাহর অনুম- তিক্রমে তাঁর আয়াব থেকে মুক্তি ও পরিত্রাণ।